৭২

আজকের কাগজ

তারিখ 09 APR 1996

পৃষ্ঠা কলাম

# নবীগঞ্জে শিক্ষার জন্যে খাদ্য কর্মসূচির গম আত্মসাতের অভিযোগ

খাদ্যের জন্যে শিক্ষার অধীনে হবিগঞ্জের নবীগঞ্জ থানার ১ ও ৭ নং ইউনিয়নের প্রাথমিক বিদ্যালয়সমূহের ছাত্র-ছাত্রিদের মধ্যে গম বিতরণ করা হচ্ছে। এ দু'টি ইউনিয়নে গম বিতরণের ক্ষেত্রে যথেষ্ট অনিয়মের অভিযোগ পাওয়া গেছে। ১নং ইউনিয়নের ৮টি বিদ্যালয়ের ২ হাজার ৮৬ জন এবং ৭নং ইউনিয়নে ১৫টি বিদ্যালয়ে ২ হাজার ৯শ' ১১ জন ছাত্র-ছাত্রী রয়েছে। সরকারি নীতিমালা অনুযায়ী প্রত্যেক ছাত্র-ছাত্রীকে ১৫ কেজি গম বিতরণের নির্দেশ রয়েছে। জানা গেছে, প্রত্যেক ছাত্র-ছাত্রীকে ১০ কেজি করে গম দেয়া হচ্ছে। ম্যানেজিং কমিটির সদস্যরা বলছেন পরিবহন খরচ বেশি। শিক্ষা কর্মকর্তা জানান, পরিবহন খরচ পৃথকভাবে দেয়া হয়। অধিকাংশ স্কুলে ম্যানেজিং কমিটির সদস্যরা অসাধু শিক্ষকদের সহায়তায় এবং শিক্ষা কর্মকর্তার অবহেলার কারণে অতিরিক্ত ছাত্র-ছাত্রী হাজিরা দেখাচ্ছেন এবং গম উঠিয়ে নিজেদের মধ্যে ভাগ করে নিচ্ছেন। ৭ নং ইউনিয়নে ছোট শাখোয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রিদেরকে ১৫ কেজি গমের মধ্যে ১০ কেজি গম বিতরণের অভিযোগে থানা নির্বাহী কর্মবর্তা নজরুল ইসলাম স্কুলটি পরিদর্শন করেন। নবীগঞ্জ থেকে শরীফ উদ্দিন কামাল।